এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিন 21 MAR 1988

# বিভিন্ন স্থানে গুলী বোমাবাজি সংঘর্ষ ও গ্রেফতার ৬৭২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত ।। আহত শতাধিক

(নিজস্ব বার্তা পরিবেশক)

ব্যাপক গণ-টোকাটুকি, শতাধিক রাউণ্ড গুলীবর্ষণ, কাঁদানে গ্যাস নিক্ষেপ, বোমা বিস্ফোরণ, গ্রেফতার ও নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষ, ব্যাপক হারে পরীক্ষার্থী ও পরিদর্শক বহিষ্কারের মধ্য দিয়ে গতকাল সারাদেশে এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

প্রাপ্ত খবরে জানা গেছে গতকাল বিভিন্ন স্থানে পরীক্ষা কেন্দ্রে গণ-টোকাটুকিতে অংশগ্রহণের দায়ে ৬৭২ জন পরীক্ষার্থী এবং তাদের সহায়তার দায়ে ১৭জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষে ১৪ জন পুলিশসহ ৯২ জন আহত হয়েছে।

বিভিন্ন স্থানে ৩৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

**গাজীপুর**

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতার ফোন ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা চলাকালে কালিয়াকৈর গোলাম নবী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ব্যাপক গোলযোগ, হাঙ্গামা ও বোমা বিস্ফোরণ ঘটে এবং পুলিশ ৪০ রাউণ্ড গুলীবর্ষণ করে। ঘটনায় ৩ জন পুলিশসহ ২৩ জন আহত হয়।

গুলীবিদ্ধ ২জন রবিউল আলম (২০) ও সিদ্দিক হোসেন (২০) কে গুরুতর-আহত অবস্থায় মির্জাপুর কুমুদিনী হাসপাতালে ভর্তি করা হয়েছে।

হাঙ্গামায় আহত ৩জন পুলিশকে ঢাকা পুলিশ হাসপাতালে পাঠানো হয়েছে। হাঙ্গামাকালে ১০/১২টি ককটেল বিস্ফোরিত হয়।

গাজীপুরের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ৪০ জনকে বহিষ্কার করা হয়।

**চট্টগ্রাম**

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, চট্টগ্রামে এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে কয়েকটি স্থানে নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষ, বোমাবাজি ও কাঁদানে গ্যাসে

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

**এসএসসি পরীক্ষা**

(১ম পাতার পর)

৬ জন পুলিশসহ ৩০ জন আহত হয়েছে। শহরের ৩টি কেন্দ্রে ৫ জন পরীক্ষার্থী, বাঁশখালী সদরে ১০ জন পরীক্ষার্থী ও ৩ জন পরিদর্শক, আনোয়ারায় ৪ জন পরীক্ষার্থী ও ২ জন পরিদর্শক, লোহাগড়ায় ২ জন ও মীরসরাইয়ে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বাঁশখালীতে পুলিশের সাথে নকল সরবরাহকারীদের সংঘর্ষে ওসিসহ ৫জন আহত হয়। পুলিশ এ সময় কাঁদানে গ্যাস ছোঁড়ে। মীরসরাইয়ে সংঘর্ষে ২০জন আহত হয়। একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। লোহাগড়ায় পরীক্ষার্থীরা কয়েকটি বোমা ফাটায়। রাউজানে কেন্দ্র সমস্যার কারণে পরীক্ষার্থীরা আজও খোলা মাঠে পরীক্ষা দিয়েছে।

দৈনিক সংবাদ

তারিখ 21 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম ?

**মেহেরপুর**

মেহেরপুর থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গাংনি কেন্দ্রে গতকাল রোববার ইংরেজী ২য় পত্র পরীক্ষা চলাকালে পুলিশের গুলীতে নবম শ্রেণীর একজন ছাত্র আহত হয় এবং ইটপাটকেল নিক্ষেপের ফলে ২জন পুলিশসহ কয়েক ব্যক্তি আহত হয়। পুলিশ ১১ রাউণ্ড কাঁদানে গ্যাস ও ১৭ রাউণ্ড গুলীবর্ষণ করে। গুলীবিদ্ধ আশরাফুল হককে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ১৮ জনকে গ্রেফতার করা হয়েছে এবং কেন্দ্রে মোট ৩জনকে বহিষ্কার করা হয়েছে।

**টাংগাইল**

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা জানান, টাঙ্গাইলের কালিহাতী উপজেলা কেন্দ্রে নকল সরবরাহকারীদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ ৫/৬ রাউণ্ড গুলীবর্ষণ করে। এতে কেউ হতাহত হয়নি। তবে পুলিশের লাঠিচার্জে ২০জন ছাত্র-জনতা ও তাদের ইট পাটকেল নিক্ষেপে ৩জন পুলিশ আহত হয়। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য কালিহাতী কেন্দ্রে ৪৫ জন, টাংগাইল সদরে ৪৭জন এবং ভুয়াপুরে ৬জনকে বহিস্কার করা হয়েছে। জেলার বিভিন্ন কেন্দ্রে ব্যাপক গণ টোকাটুকি চলে।

**মানিকগঞ্জ**

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, মানিকগঞ্জে পরীক্ষার হল থেকে ছোরা সহ একজন পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে। ধামরাই কেন্দ্রে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষ হয়। তিনটি পরীক্ষা কেন্দ্র ও ধামরাই কেন্দ্র থেকে ৩৪ জন পরীক্ষার্থী ও ১ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

**যশোর**

যশোর থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল যশোরের পরীক্ষা কেন্দ্রগুলোতে কর্তব্যরত পরিদর্শক ও আইন-শৃংখলা রক্ষায় নিয়োজিত ব্যক্তিদের সহায়তায় ব্যাপক গণ-টোকাটুকি হয়।

পরীক্ষা শুরুর ৫ মিনিটের মধ্যে প্রশ্নপত্র বাইরে ফটোষ্ট্যাট করে ১০ টাকা করে বিক্রি হয়। নকল সরবরাহকারীরা প্রশ্নপত্র পিছু দু'শ' টাকার বিনিময়ে এক শ্রেণীর শিক্ষকের দ্বারা উত্তর তৈরী করে ভিতরে পাঠায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত অসদুপায় অবলম্বনের জন্য বিভিন্ন কেন্দ্র থেকে মোট ৬৬ জনকে বহিষ্কার করা হয়েছে।

**মাদারীপুর**

মাদারীপুর থেকে সংবাদদাতা জানান, গতকালের পরীক্ষায় মাদারীপুর জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**রংপুর**

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশকের ফোন: গতকাল রংপুরে এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে বদরগঞ্জ পরীক্ষা কেন্দ্রে পুলিশের গুলী[illegible] ৭জন আহত হয়েছে।

এদের মধ্যে আশংকাজনক অবস্থায় রফিকুল ও খায়রুজ্জামানকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ এখান থেকে ১০জনকে গ্রেফতার করেছে।

নকল সরবরাহকারীরা জোরপূর্বক নকল দেয়ার জন্য পুলিশ বেষ্টনী পার হবার চেষ্টা করলে প্রথমে পুলিশ লাঠিচার্জ করে এবং পরে ১৫ রাউণ্ড গুলীবর্ষণ করে।

কাউনিয়া হাই স্কুল কেন্দ্রে ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষার সময় পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে ধাওয়া ও পাল্টা ধাওয়া হয়।

পরে পুলিশ ৪ জনকে গ্রেফতার করে। রংপুর জেলায় অসদুপায় অবলম্বনের জন্য ৪৫ জন ছাত্র ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**ময়মনসিংহ**

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পুলিশ গতকাল রোববার উত্তেজনাকর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য ভালুকা কেন্দ্রে ৪ রাউণ্ড ও ফুলপুর কেন্দ্রে ১ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এদিকে জেলার ৩টি কেন্দ্র থেকে মোট ৬৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে গৌরীপুর কেন্দ্রে ১৪, ফুলপুর কেন্দ্রে ১৫ ও ভালুকা কেন্দ্রে ৩৯ জনকে বহিষ্কার করা হয়।

সকালে ইংরেজী ১ম পত্র পরীক্ষার সময় অতিরিক্ত জেলা প্রশাসক (নগর) ৩৯জন পরীক্ষার্থীকে বহিষ্কারের পর বেরিয়ে যাবার সময় নকল সরবরাহকারীরা ইটপাটকেল ছুড়তে শুরু করলে পুলিশ ৪ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এসময় কয়েকজন পুলিশও আহত হয়।

**মুন্সীগঞ্জ**

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মুন্সীগঞ্জ জেলার ৩টি কেন্দ্রে আজ ৫১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তার মধ্যে মুন্সীগঞ্জ কেন্দ্রের এ,ভি,জে,এম সরকারী বালিকা বিদ্যালয়ে ৮জন, মুন্সীগঞ্জ হাই স্কুল কেন্দ্রে ১৪ জন, কে, কে সরকারী উচ্চ বিদ্যালয়ে ২১ জন ও মুন্সীগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্রে ৫ জন, টংগীবাড়ী উপজেলার সোনারং হাই স্কুল কেন্দ্রে ১জন ও সিরাজদী খান উপজেলার রাজদিয়া হাইস্কুল কেন্দ্রে ২ জন।

মুন্সীগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে আজ ৩জনকে গ্রেফতার করা হয়েছে।

**নারায়ণগঞ্জ**

নারায়ণগঞ্জ সদর উপজেলা এবং সোনারগাঁ উপজেলার মোট ৩টি কেন্দ্র থেকে ৮জনকে বহিষ্কার করা হয়েছে।

**পঞ্চগড়**

পঞ্চগড় জেলার মোট ৩টি কেন্দ্রে ২জন পরিদর্শক এবং ৫১ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

**বগুড়া**

বগুড়া থেকে সংবাদদাতা জানান: বগুড়ার সর্বত্র ব্যাপক হারে নকল হচ্ছে। গতকাল দ্বিতীয় পরীক্ষার দিনে ৫৪জনকে বহিস্কার করা হয়েছে। প্রথম দিনে বহিষ্কার করা হয়েছিল ১৫১ জনকে।

**দাউদকান্দি**

দাউদকান্দি (কুমিল্লা) থেকে নিজস্ব সংবাদদাতা জানান, উপজেলার তিনটি পরীক্ষা কেন্দ্রেই অবাধে নকল চলছে। পরীক্ষার্থীদের নকল সরবরাহের সময় গতকাল পরীক্ষার দ্বিতীয় দিনে দাউদকান্দি কেন্দ্র থেকে ৭জন ও গৌরীপুর কেন্দ্র থেকে ২জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। গৌরীপুর কেন্দ্রে সংঘর্ষে ৬জন আহত হয়েছে, এদের মধ্যে ২ জনকে গৌরীপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে।